📘 CSS শিখুন পানির মতো সহজ করে By জিল্লুর রহমান

সূচিপত্র:

📖 অধ্যায় ১: CSS পরিচিতি (Introduction to CSS) - 👉

📖 অধ্যায় ২: কালার এবং টাইপোগ্রাফি (Colors and Typography) - 👉

📖 অধ্যায় ৩: CSS সিলেক্টর এবং স্পেসিফিসিটি (CSS Selectors and Specificity) - 👉

📖 অধ্যায় ৪: CSS বক্স মডেল (The CSS Box Model) - 👉

📖 অধ্যায় ৫: লেআউট ফান্ডামেন্টালস: ডিসপ্লে এবং ফ্লোট (Layout Fundamentals) - 👉

📖 অধ্যায় ৬: CSS পজিশনিং এবং Z-Index (CSS Positioning and Z-Index) - 👉

📖 অধ্যায় ৭: লিস্ট এবং ন্যাভিগেশন মেনু স্টাইলিং (Styling Lists and Menus) - 👉

📖 অধ্যায় ৮: ফ্লেক্সিবল বক্স লেআউট (Flexbox) - 👉

📖 অধ্যায় ৯: CSS গ্রিড লেআউট (CSS Grid Layout) - 👉

📖 অধ্যায় ১০: রেসপন্সিভ এবং মিডিয়া কোয়েরি (Responsive and Media Queries) - 👉

📖 অধ্যায় ১১: CSS ট্রানজিশন এবং অ্যানিমেশন (CSS Transitions & Animations) - 👉

📖 অধ্যায় ১২: অ্যাডভান্সড CSS: ভ্যারিয়েবল, ফাংশন, এবং মডার্ন ফিচার - 👉

📖 অধ্যায় ১৩: Extra CSS প্রপার্টি এবং ফিচার - 👉

> আমি আমার সর্বোচ্চ দিয়ে CSS-কে সুন্দর, সহজ এবং বাস্তবিক ভাবে দেখানোর চেষ্টা করেছি, যা বিগিনার থেকে অ্যাডভান্সড পর্যন্ত সবার জন্য উপযুক্ত। বইটিতে CSS-এর সমস্ত প্রপার্টি, ইউনিট, প্যাটার্ন ও ফিচার নিয়ে ১৩টি ক্যাটাগরিতে ভাগ করে সাজানো হয়েছে, যেন আমরা CSS সকল প্রপার্টি এবং কাজের সম্পর্কে ক্লিয়ার ধারণা পাবো এবং মনে রাখতে খুব সহজ হয়।
>
> প্রতিটি অধ্যায়ে আছে স্পষ্ট উদাহরণ, হাতে-কলমে প্র্যাকটিস টাস্ক, ১০টি করে MCQ কুইজ, এবং আপনার CSS স্কিল চেক করার জন্য হোমওয়ার্ক, যাতে শেষ পর্যন্ত বলতে পারেন হ্যাঁ, আলহামদুলিল্লাহ! এখন আমি CSS-এ পারি এবং পোর্টফোলিও তে স্কিল হিসাবে অ্যাড করতে পারি।

📖 অধ্যায়-১: CSS পরিচিতি (Introduction to CSS)

🔷 CSS কি?

CSS (Cascading Style Sheets) হলো ওয়েব পেজের লুক এবং ফিল নিয়ন্ত্রণ করার ভাষা। HTML দিয়ে আমরা কনটেন্টের স্ট্রাকচার তৈরি করি, আর CSS দিয়ে সেই কনটেন্টের রঙ, ফন্ট, মার্জিন, লে-আউট ইত্যাদি স্টাইল করি।এক কথায় HTML ডকুমেন্টে কে CSS ব্যবহার করে স্টাইলিং এর কাজ করা হয়।

🔷 কেন CSS শিখবেন?

- HTML কোড কে বা layout কে মনের মতো ডেডাইজ বা স্টাইল করতে
- ওয়েবসাইট সুন্দর ও ব্যবহারবান্ধব করতে
- এক কোড বিভিন্ন ডিভাইসে স্টাইলিং করতে
- দ্রুত, সহজ ও পরিষ্কার কোড লিখতে
- ইন্টারএকটিভ ও অ্যানিমেটেড ওয়েবসাইট তৈরি করতে

📝 CSS লেখার তিনটি পদ্ধতি

1. **Inline CSS**: HTML এলিমেন্টের style অ্যাট্রিবিউটে লেখা

```
<h1 style="color: blue;">এটি একটি প্যারাগ্রাফ</p>
```

2. **Internal CSS**: HTML ফাইলের `<head>` সেকশনে `<style>` ট্যাগের মধ্যে লেখা

```
<head>
  <style>
    h1 { color: blue; }
  </style>
</head>
```

3. **External CSS**: আলাদা .css ফাইলে লেখা এবং HTML ফাইলে লিংক করা

```
<link rel="stylesheet" href="styles.css">
```

🎯 CSS সিনট্যাক্স

```
selector {
    property: value;
```

```
}
```



🔷 CSS এর তিনটি অংশ:

- সিলেক্টর: HTML এলিমেন্ট সিলেক্ট করে।
- প্রপার্টি: স্টাইলের ধরন নির্ধারণ করে।
- ভ্যালু: স্টাইলের ভ্যালু নির্ধারণ করে।

🎯 উদাহরণ

```css
h1 {
  color: blue;
  font-size: 120px;
  text-align: center;
}
```

📊 ইউনিট ও পরিমাপ বার বার লাগবে এগুলো সম্পর্কে জেনে নেই:

Unit	অর্থ	ব্যবহার ক্ষেত্র
`px`	Pixel (স্থির)	ফিক্সড ভ্যালু, এক পিক্সেল একটা ডট এর সমান
`em`	Parent font-size	স্কেল-ফ্রেন্ডলি প্যাডিং ও মার্জিনে।
`rem`	Root font-size	সারাবিশ্বে একরকম স্কেল ধরে রাখতে।
`%`	Parent-এর শতকরা হার	ফ্লুইড প্রস্থ বা উচ্চতার জন্য, 100% মনে সম্পূর্ণ জুড়ে
`vh` / `vw`	Viewport height/width	ফুল-স্ক্রিন সেকশন বা হিরো ব্যানারে।

📊 বেসিক CSS প্রপার্টি সমুহ:

প্রপার্টি	সম্ভাব্য ভ্যালু	বর্ণনা
color	color-name, hex, rgb(), rgba()	টেক্সটের রঙ সেট করে
font-size	px, em, rem, %	টেক্সটের সাইজ নির্ধারণ করে

প্রপার্টি	সম্ভাব্য ভ্যালু	বর্ণনা
text-align	left, right, center, justify	টেক্সটের অ্যালাইনমেন্ট সেট করে

💡 CSS এর কিছু গুরুত্বপূর্ণ পয়েন্ট

1. CSS কেস সেনসিটিভ, এর মানে Uppercase এবং Lowercase এর দিকে খেয়াল রাখতে হবে।
2. প্রতিটি ডিক্লেয়ারেশন বা CSS লাইন সেমিকোলন দিয়ে শেষ করতে হয়, না হলে Error আসবে।
3. একাধিক ভ্যালু স্পেস দিয়ে আলাদা করতে হয়।
4. কমেন্ট লেখার জন্য /* */ ব্যবহার করা হয়।
5. External CSS সবচেয়ে বেশি ব্যবহৃত হয়।
6. সহজে CSS সিনট্যাক্স মনে রাখতে, বারবার অনুশীলন করুন।

📝 প্র্যাকটিস টাস্ক

1. একটি HTML ফাইল তৈরি করুন এবং তিনটি পদ্ধতিতে CSS অ্যাপ্লাই করুন
2. একটি প্যারাগ্রাফের টেক্সট কালার লাল করুন এবং ব্যাকগ্রাউন্ড হলুদ করুন
3. একটি হেডিং কে সেন্টার অ্যালাইন করুন এবং ফন্ট সাইজ 124px করুন

🤔 MCQ কুইজ

1. CSS এর পূর্ণরূপ কি?
    - a) Cascading Style Sheets
    - b) Creative Style Sheets
    - c) Computer Style Sheets
    - d) Colorful Style Sheets
2. নিচের কোনটি ইনলাইন CSS এর উদাহরণ?
    - a) `<style>p { color: red; }</style>`
    - b) `<p style="color: red;">`
    - c) `p { color: red; }`
    - d) `@style(color: red)`
3. CSS এ কমেন্ট কিভাবে লিখা হয়?
    - a) // কমেন্ট
    - b) < !-- কমেন্ট -->
    - c) /* কমেন্ট */
    - d) # কমেন্ট
4. text-align প্রপার্টির সঠিক ভ্যালু কোনটি?

- a) top
- b) middle
- c) center
- d) up

5. কোন CSS পদ্ধতি সবচেয়ে বেশি প্রচলিত?

   - a) Inline CSS
   - b) Internal CSS
   - c) External CSS
   - d) Mixed CSS

6. CSS এ একটি ক্লাস সিলেক্টর কিভাবে লেখা হয়?

   - a) #className
   - b) .className
   - c) @className
   - d) *className

7. CSS এ background-color এর ভ্যালু হিসেবে কোনটি ব্যবহার করা যায় না?

   - a) red
   - b) #FF0000
   - c) rgb(255,0,0)
   - d) color-red

8. font-size এর ইউনিট হিসেবে কোনটি ব্যবহার করা যায়?

   - a) kg
   - b) px
   - c) meter
   - d) celsius

9. CSS এ সেমিকোলন (;) কোথায় ব্যবহার করা হয়?

   - a) প্রতিটি সিলেক্টরের শেষে
   - b) প্রতিটি প্রপার্টির শেষে
   - c) প্রতিটি ডেক্লারেশনের শেষে
   - d) প্রতিটি ভ্যালুর শেষে

10. CSS এ কোন ব্র্যাকেট ব্যবহার করা হয়?

    - a) ()
    - b) []

- c) {}
- d) <>

📚 হোমওয়ার্ক

1. একটি সম্পূর্ণ HTML পেজ তৈরি করুন যেখানে:
   - একটি হেডিং থাকবে
   - তিনটি প্যারাগ্রাফ থাকবে
   - একটি লিস্ট থাকবে
2. উপরের HTML পেজে তিনটি পদ্ধতিতে CSS অ্যাপ্লাই করুন:
   - Inline CSS দিয়ে হেডিং এর কালার পরিবর্তন করুন
   - Internal CSS দিয়ে প্যারাগ্রাফ গুলোর ফন্ট সাইজ পরিবর্তন করুন
   - External CSS দিয়ে লিস্টের স্টাইল পরিবর্তন করুন
3. আপনার কোড এবং আউটপুট এর স্ক্রিনশর্ট নিয়ে গ্রুপে পোস্ট করুন

📖 অধ্যায় ২: কালার এবং টাইপোগ্রাফি (Colors and Typography)

ওয়েবসাইট ডিজাইনে রং ও টেক্সট স্টাইলিং খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই অধ্যায়ে আমরা শিখবো কীভাবে CSS দিয়ে লেখা/টেক্সটের রঙ, ফন্ট, আকার, ও অন্যান্য টেক্সট-সংশ্লিষ্ট স্টাইল নিয়ন্ত্রণ করা যায়। পাশাপাশি ব্যাকগ্রাউন্ড রঙ সেট করা ও টেক্সটের চারিত্রিক বৈশিষ্ট্য (বোল্ড, ইটালিক ইত্যাদি) নির্ধারণ করাও শিখবো।

🎨 কালার প্রপার্টি সমূহ

📊 কালার সংক্রান্ত প্রপার্টি

প্রপার্টি	সম্ভাব্য ভ্যালু	বর্ণনা
color	color-name, hex, rgb(), rgba(), hsl(), hsla()	টেক্সটের রঙ সেট করে
background-color	color-name, hex, rgb(), rgba(), transparent	এলিমেন্টের ব্যাকগ্রাউন্ড রঙ সেট করে
border-color	color-name, hex, rgb(), rgba()	বর্ডারের রঙ সেট করে
outline-color	color-name, hex, rgb(), rgba(), invert	আউটলাইনের রঙ সেট করে
opacity	(0.0 - 1.0) 0 থেকে 1 পর্যন্ত	এলিমেন্টের স্বচ্ছতা/ঝাপসা-গার এর পরিমাণ নির্ধারণ করে

🎯 উদাহরণ

```
h1 {
  color: #FF5733;
  background-color: rgba(255, 255, 255, 0.5); /* 50% স্বচ্ছ লাল */
  opacity: 0.8;
}
```

🎨 কালার ভ্যালু টাইপ

1. কালার নেম

```
color: red;
color: blue;
color: green;
....
```

2. হেক্স কালার

```
color: #FF0000; /* লাল */
color: #00FF00; /* সবুজ */
color: #0000FF; /* নীল */
....
```

3. RGB/RGBA

```
color: rgb(255, 0, 0);     /* লাল */
color: rgba(255, 0, 0, 0.5); /* 50% স্বচ্ছ লাল */
....
```

4. HSL/HSLA

```
color: hsl(0, 100%, 50%);     /* লাল */
color: hsla(0, 100%, 50%, 0.5); /* 50% স্বচ্ছ লাল */
....
```

📝 টাইপোগ্রাফি প্রপার্টি সমূহ

প্রপার্টি	সম্ভাব্য ভ্যালু	বর্ণনা
font-family	Arial, sans-serif, etc.	টেক্সটের ফন্ট টাইপ/পরিবার সেট করে
font-size	px, em, rem, %, keywords	টেক্সটের সাইজ সেট করে

প্রপার্টি	সম্ভাব্য ভ্যালু	বর্ণনা
font-weight	normal, bold, 100-900	টেক্সটের বোল্ডনেস সেট করে
font-style	normal, italic, oblique	টেক্সটের স্টাইল সেট করে
text-align	left, right, center, justify	টেক্সট অ্যালাইনমেন্ট সেট করে
text-decoration	none, underline, overline, line-through	টেক্সট ডেকোরেশন সেট করে
line-height	number, length, %	লাইনের উচ্চতা সেট করে
letter-spacing	normal, length	অক্ষরের মধ্যে দূরত্ব সেট করে
word-spacing	normal, length	শব্দের মধ্যে দূরত্ব সেট করে
text-transform	none, capitalize, uppercase, lowercase	টেক্সট ট্রান্সফরমেশন সেট করে
text-shadow	h-shadow v-shadow color (1, 2, red)	টেক্সটে ছায়া যোগ করে

📝 আরো এক্সট্রা কিছু টাইপোগ্রাফি প্রপার্টি

প্রপার্টি	সম্ভবতঃ ভ্যালু	বর্ণনা
`text-overflow`	`clip`, `ellipsis`, `"…"`	অতিরিক্ত টেক্সট কে কেটে দেখানোর জন্য; `max-width` + `white-space: nowrap` কম্বো।
`white-space`	`normal`, `nowrap`, `pre`, `pre-wrap`, `pre-line`, `break-spaces`	স্পেস ও লাইনের ফ্লো কন্ট্রোল; কোড ব্লকে `pre` মোড মাস্ট।
`writing-mode`	`horizontal-tb`, `vertical-rl`, `vertical-lr`	লেখা উল্টো-খাড়া রোটেশন; মাঙ্গা-স্টাইল টাইটেল বানাতে।
`caret-color`	`<color>`	ইনপুট কার্সারের রঙ; ব্র্যান্ড থিম ইনপুটে ম্যাচ করাও।
`accent-color`	`<color>`	চেকবক্স/রেডিও বাটনের থিম রঙ; ব্র্যান্ডেড ফর্মে এক লাইনে।
`color-scheme`	`normal`, `light`, `dark`, `only light`, `only dark`	ব্রাউজারকে থিম সিগন্যাল; OS ডার্ক-মোড কন্ট্রোল।
`text-indent`	`<length>`, `<percentage>`, `hanging`	প্রথম লাইনের ইনডেন্ট; ব্লক-কোড স্টাইলে হ্যাংগিং।
`text-align-last`	`auto`, `left`, `right`, `center`, `justify`, `start`, `end`	প্যারাগ্রাফের শেষ লাইনের অ্যালাইনমেন্ট; ম্যাগাজিন-স্টাইল কলামে কাজে লাগে।

প্রপার্টি	সম্ভবতঃ ভ্যালু	বর্ণনা
`font-stretch`	`ultra-condensed` → `ultra-expanded`, `50%–200%`	ফন্টের প্রস্থ টানাটানি; কেবল ভ্যারিয়েবল-সাপোর্টেড ফন্টেই কাজ করে।
`font-variant`	`normal`, `small-caps`, `all-small-caps`, `titling-caps`	স্মল-ক্যাপস ইত্যাদি; শিরোনামে ক্লসিক লুক আনার জন্য।
`font-variant-ligatures`	`none`, `common-ligatures`, `discretionary-ligatures`, `historic-ligatures`, …	টাইপোগ্রাফি লিগেচার টগল; লোগোটাইপে কাস্টম ইফেক্টের জন্য।
`font-size-adjust`	`none`, `<number>`	x-height ভিত্তিক আকার সামঞ্জস্য; সিস্টেম ফন্ট ব্যাকআপ।
`font-optical-sizing`	`auto`, `none`	ভ্যারিয়েবল ফন্টের অপটিক্যাল সাইজিং চালু/বন্ধ; পাঠযোগ্যতা বাড়াতে।
`font-variation-settings`	`'<axis>' <value>` (e.g. `'wght' 100`)	ফাইন-টিউন ভ্যারিয়েবল ফন্টের অ্যাক্সিস; UI-রেঞ্জ স্লাইডার দিয়ে লাইভ টুইক।

🎯 উদাহরণ

```
h1 {
  font-family: "Times New Roman", serif;
  font-size: 120px;
  font-weight: bold;
  font-style: italic;
  line-height: 1.5;
  text-align: center;
  text-decoration: underline;
  text-transform: capitalize;
  letter-spacing: 1px;
  word-spacing: 3px;
  text-shadow: 2px 2px 5px blue
}
```

🌐 গুগল ফন্ট ব্যবহার

```
<link href="https://fonts.googleapis.com/css2?family=Roboto:wght@400;700&display=swap"
```

```
body {
    font-family: 'Roboto', sans-serif; /* গুগল ফন্ট থেকে ফন্টটি আসে সরাসরি ওয়েবসাইট লোড হবে */
```

```
}
```

🔷 ইম্পর্টেন্ট কিছু সাজেশন

- রঙ নির্বাচন করুন এমন ভাবে যাতে টেক্সট পড়তে সুবিধা হয়।
- ফন্ট নির্বাচন করুন এমন যা পড়তে সহজ ও সুন্দর হয়।

📝 প্র্যাকটিস টাস্ক

1. একটি হেডিং তৈরি করুন:
    - টেক্সট কালার #FF5733 করুন
    - ফন্ট সাইজ 32px করুন
    - ফন্ট ওয়েট bold করুন
    - টেক্সট সেন্টার অ্যালাইন করুন
2. একটি প্যারাগ্রাফ তৈরি করুন:
    - গুগল ফন্ট থেকে 'Poppins' ফন্ট ব্যবহার করুন
    - লাইন হাইট 1.6 করুন
    - লেটার স্পেসিং 1px করুন
    - টেক্সট justify অ্যালাইন করুন

🤔 MCQ কুইজ

1. rgba() এ শেষের ভ্যালু কিসের জন্য ব্যবহৃত হয়?
    - a) রঙের গাঢ়তা
    - b) স্বচ্ছতা (opacity)
    - c) চওড়া
    - d) উচ্চতা
2. font-weight এর সর্বনিম্ন ভ্যালু কত?
    - a) 0
    - b) 1
    - c) 100
    - d) 200
3. line-height এর ডিফল্ট ভ্যালু কত?
    - a) 1
    - b) 1.2

- c) 2
- d) 0

4. text-transform: capitalize; কি করে?

- a) সব অক্ষর বড় হাতের করে
- b) সব অক্ষর ছোট হাতের করে
- c) প্রতি শব্দের প্রথম অক্ষর বড় হাতের করে
- d) কোন পরিবর্তন করে না

5. কোন ইউনিট রিলেটিভ নয়?

- a) em
- b) rem
- c) px
- d) %

6. HSL এর 'S' এর পূর্ণরূপ কি?

- a) Style
- b) Saturation
- c) System
- d) Screen

7. font-style: oblique; এর ফলাফল কি?

- a) টেক্সট বোল্ড হয়
- b) টেক্সট ইটালিক হয়
- c) টেক্সট আন্ডারলাইন হয়
- d) টেক্সট ছোট হয়

8. text-decoration: line-through; এর ফলাফল কি?

- a) টেক্সটের উপর লাইন
- b) টেক্সটের নিচে লাইন
- c) টেক্সটের মাঝ দিয়ে লাইন
- d) টেক্সটের পাশে লাইন

9. letter-spacing এর নেগেটিভ ভ্যালু দিলে কি হয়?

- a) অক্ষরগুলো দূরে সরে যায়
- b) অক্ষরগুলো কাছে সরে আসে
- c) কিছুই হয় না
- d) এরর দেখায়

10. @font-face কি জন্য ব্যবহৃত হয়?
    - a) ফন্ট সাইজ পরিবর্তন
    - b) কাস্টম ফন্ট লোড
    - c) ফন্ট কালার পরিবর্তন
    - d) ফন্ট স্টাইল পরিবর্তন

📚 হোমওয়ার্ক

1. একটি ব্লগ পোস্ট টেমপ্লেট তৈরি করুন:
    - হেডিং, সাবহেডিং এবং প্যারাগ্রাফ থাকবে
    - প্রতিটি এলিমেন্টে আলাদা ফন্ট ফ্যামিলি ব্যবহার করুন
    - কালার স্কিম ঠিক করুন (হেডিং, টেক্সট, ব্যাকগ্রাউন্ড)
    - টেক্সট ফরম্যাটিং প্রপার্টি ব্যবহার করুন
2. একটি গ্রেডিয়েন্ট ব্যাকগ্রাউন্ড তৈরি করুন:
    - লিনিয়ার গ্রেডিয়েন্ট
    - রেডিয়াল গ্রেডিয়েন্ট
    - মাল্টিপল কালার স্টপ
3. আপনার কোড গিটহাবে আপলোড করুন

📖 অধ্যায় ৩: CSS সিলেক্টর এবং স্পেসিফিসিটি (CSS Selectors and Specificity)

CSS এর Selectors নির্ধারণ করে কোন HTML এলিমেন্টগুলোর ওপর নির্দিষ্ট স্টাইল প্রপার্টি Applay কড়া হয়। এ অধ্যায়ে আমরা বিভিন্ন ধরনের সিলেক্টর সম্পর্কে জানবো - যেমন এলিমেন্ট সিলেক্টর, ক্লাস, আইডি, এট্রিবিউট, সন্তান সিলেক্টর, ছদ্ম-ক্লাস (pseudo-class) এবং ছদ্ম-এলিমেন্ট (pseudo-element)। পাশাপাশি বুঝবো CSS specificity বা অগ্রাধিকার কিভাবে কাজ করে, সব কিছুই দেখবো এক সাথে।

CSS সিলেক্টর হলো এমন প্যাটার্ন যা HTML এলিমেন্টকে টার্গেট করে স্টাইল প্রয়োগ করে।

📊 সিলেক্টর টাইপ

সিলেক্টর টাইপ	সিনট্যাক্স	উদাহরণ	বর্ণনা
ইউনিভার্সাল	`*`	`* { margin: 0; padding: 0; }`	সব এলিমেন্টকে টার্গেট করে।

সিলেক্টর টাইপ	সিনট্যাক্স	উদাহরণ	বর্ণনা
টাইপ/এলিমেন্ট	`element`	`p { color: blue; }`	নির্দিষ্ট HTML ট্যাগের সকল এলিমেন্টকে টার্গেট করে।
ক্লাস	`.className`	`.header { font-size: 24px; }`	যে কোনো এলিমেন্টে মানিয়ে নেওয়া CSS ক্লাস যুক্ত সব এলিমেন্টকে টার্গেট করে।
আইডি	`#idName`	`#logo { width: 100px; }`	অনন্য আইডি যুক্ত একক এলিমেন্টকে টার্গেট করে।
অ্যাট্রিবিউট	`[attr]`	`a[target] { background-color: red; }`	নির্দিষ্ট অ্যাট্রিবিউট যুক্ত সব এলিমেন্টকে টার্গেট করে।
অ্যাট্রিবিউট মান	`[attr="val"]`	`[type="email"] { width: 100%; }`	নির্দিষ্ট অ্যাট্রিবিউট মান থাকা এলিমেন্টকে টার্গেট করে।
মান দিয়ে শুরু	`[attr^="foo"]`	`[href^="https"] { color: green; }`	অ্যাট্রিবিউট মান `foo` দিয়ে শুরু হলে টার্গেট করে।
মান দিয়ে শেষ	`[attr$=".pdf"]`	`[href$=".pdf"]::after { content: "📄"; }`	অ্যাট্রিবিউট মান `.pdf` দিয়ে শেষ হলে টার্গেট করে।
মান অন্তর্ভুক্ত	`[attr*="bar"]`	`[data-info*="bar"] { font-weight: bold; }`	অ্যাট্রিবিউট মানে `bar` স্ট্রিং কোথাও থাকলে টার্গেট করে।
ডেসেন্ড্যান্ট সিলেক্টর	`A B`	`div p { font-size: 100px; }`	`div` এর ভিতরে যেকোনো স্তরে থাকা `p` ট্যাগকে টার্গেট করে।
চাইল্ড সিলেক্টর	`A > B`	`div > p { font-size: 100px; }`	`div` এর সরাসরি সন্তান `p` ট্যাগকে টার্গেট করে।
অ্যাজেসেন্ট সিবলিং	`A + B`	`div + p { font-size: 100px; }`	`div` এর পরেই অবস্থিত প্রথম `p` ট্যাগকে টার্গেট করে।
জেনারেল সিবলিং	`A ~ B`	`div ~ p { font-size: 100px; }`	`div` এর পরের একই লেভেলের সব `p` ট্যাগকে টার্গেট করে।
পসুডো-ক্লাস সিলেক্টর	`A:hover`	`p:hover { color: red; }`	নির্দিষ্ট ইন্টারঅ্যাকশন/স্টেট অনুযায়ী এলিমেন্টকে টার্গেট করে।
পসুডো-এলিমেন্ট সিলেক্টর	`A::first-line`	`p::first-line { font-size: 120px; }`	এলিমেন্টের কোনো নির্দিষ্ট অংশ (প্রথম লাইন/প্রথম অক্ষর) টার্গেট করে।

🔷 কমন সিলেক্টর

```css
/* Tag/Element selector */
p {
  font-size: 120px;
}

/* Class selector */
.intro {
  color: blue;
}

/* ID selector */
#header {
  font-size: 20px;
}

/* Pseudo-class selector */
a:hover {
  text-decoration: underline;
}
```

🔄 কম্বিনেটর সিলেক্টর

```css
/* ডিসেনডেন্ট সিলেক্টর (স্পেস) */
div p { color: blue; }

/* চাইল্ড সিলেক্টর (>) */
div > p { color: red; }

/* অ্যাডজাসেন্ট সিবলিং (+) */
h1 + p { margin-top: 20px; }

/* জেনারেল সিবলিং (~) */
h1 ~ p { color: gray; }
```

🎯 স্যুডো-ক্লাস সিলেক্টর

```css
/* স্টেট-বেসড স্যুডো-ক্লাস */
a:hover { color: red; }
input:focus { border-color: blue; }
button:active { background: #ddd; }

/* স্ট্রাকচারাল স্যুডো-ক্লাস */
li:first-child { font-weight: bold; }
li:last-child { margin-bottom: 0; }
li:nth-child(odd) { background: #f4f4f4; }
```

🎯 স্যুডো-এলিমেন্ট সিলেক্টর

```
/* প্রথম লাইন এবং প্রথম লেটার */
p::first-line { font-weight: bold; }
p::first-letter { font-size: 2em; }

/* বিফোর এবং আফটার */
.quote::before { content: ""; }
.quote::after { content: ""; }
```

⚖️ স্পেসিফিসিটি (Specificity)

স্পেসিফিসিটি হলো CSS এর প্রায়োরিটি সিস্টেম। এটি নির্ধারণ করে যে কোন টাইপের সিলেক্টর কেমন প্রায়োরিটি পাবে।

স্পেসিফিসিটি ক্যালকুলেশন:

1. ইনলাইন স্টাইল = 1000
2. আইডি = 100
3. ক্লাস, অ্যাট্রিবিউট, স্যুডো-ক্লাস = 10
4. এলিমেন্ট, স্যুডো-এলিমেন্ট = 1

উদাহরণ:

```
/* স্পেসিফিসিটি = 1 */
p { color: black; }

/* স্পেসিফিসিটি = 10 */
.text { color: blue; }

/* স্পেসিফিসিটি = 100 */
#header { color: red; }

/* স্পেসিফিসিটি = 11 (1 এলিমেন্ট + 1 ক্লাস) */
p.text { color: green; }
```

💡 গুরুত্বপূর্ণ !important

```
p { color: red !important; } /* সর্বোচ্চ প্রায়োরিটি */
```

⚠️ সতর্কতা: !important ব্যবহার এড়ানো উচিত, কারণ এটি CSS এর স্বাভাবিক কাজের ধারা নষ্ট করে।

🎯 Pseudo-class ও Pseudo-element সিলেক্টরের অ্যাডভান্সড ব্যবহার

সিলেক্টর	সিনট্যাক্স	উদাহরণ	বর্ণনা
`:active`	`a:active`	`<a href="#">Click</a>`	ক্লিক ধরে রাখলে প্রয়োগ হয়।
`:hover`	`button:hover`	`<button>Hover Me</button>`	মাউস পয়েন্টার এলিমেন্টের ওপর গেলে স্টাইল চালু হয়।
`:focus`	`input:focus`	`<input type="text">`	কীবোর্ড বা ট্যাবে ফোকাস আসলে স্টাইলিং হয়।
`:visited`	`a:visited`	`<a href="#">Link</a>`	ইউজার ভিজিট করা লিঙ্কগুলোতে আলাদা স্টাইল দেয়।
`:first-child`	`p:first-child`	`<p>আমি প্রথম</p>`	প্যারেন্টের প্রথম সন্তান এলিমেন্ট হলে টার্গেট হয়।
`:last-child`	`p:last-child`	`<p>আমি শেষ</p>`	প্যারেন্টের শেষ সন্তান এলিমেন্ট হলে স্টাইল প্রয়োগ হয়।
`:nth-child(n)`	`li:nth-child(2)`	`<li>দ্বিতীয়</li>`	নির্দিষ্ট অবস্থানের সন্তান এলিমেন্ট টার্গেট করে।
`:nth-last-child(n)`	`li:nth-last-child(1)`	`<li>শেষ চাইল্ড</li>`	শেষ থেকে n-তম সন্তান এলিমেন্ট টুঁকে ধরে।
`:first-of-type`	`p:first-of-type`	`<p>প্রথম প্যারাগ্রাফ</p>`	প্যারেন্টে প্রথম `p` ট্যাগ হলে টার্গেট করে।
`:last-of-type`	`p:last-of-type`	`<p>শেষ প্যারাগ্রাফ</p>`	প্যারেন্টে শেষ `p` ট্যাগ হলে স্টাইল যায়।
`:nth-of-type(n)`	`div:nth-of-type(2)`	`<div>দ্বিতীয় ডিভ</div>`	একই টাইপের n-তম এলিমেন্টে স্টাইল দেয়।
`:only-child`	`p:only-child`	`<p>একইমাত্র চাইল্ড</p>`	প্যারেন্টের একমাত্র সন্তান হলে প্রয়োগ

সিলেক্টর	সিনট্যাক্স	উদাহরণ	বর্ণনা
			হয়।
`:only-of-type`	`span:only-of-type`	`<span>একমাত্র স্প্যান</span>`	ওই টাইপের একমাত্র এলিমেন্ট হলে টার্গেট করে।
`:checked`	`input:checked`	`<input type="checkbox" checked>`	চেক করা ইনপুটের জন্য আলাদা স্টাইল।
`:disabled`	`input:disabled`	`<input type="text" disabled>`	নিষ্ক্রিয় ইনপুটের স্টাইল নির্ধারণ করে।
`:enabled`	`input:enabled`	`<input type="text">`	সক্রিয় ইনপুটে স্টাইল প্রয়োগ হয়।
`:required`	`input:required`	`<input required>`	রিকোয়ার্ড ইনপুট ফিল্ড টার্গেট করে।
`:optional`	`input:optional`	`<input>`	অপশনাল ইনপুট ফিল্ডে স্টাইলিং যায়।
`:read-only`	`input:read-only`	`<input readonly>`	রিড-অনলি ইনপুটে আলাদা স্টাইল।
`:read-write`	`textarea:read-write`	`<textarea></textarea>`	লেখার জন্য খোলা এলিমেন্টে প্রয়োগ হয়।
`:target`	`#section:target`	`<div id="section"></div>`	URL ফ্র্যাগমেন্ট মিলে থাকা এলিমেন্টে ফোকাস।
`:empty`	`div:empty`	`<div></div>`	কোনো সন্তান না থাকলে স্টাইলিং হয়।
`:root`	`:root`	`<html>`	ডকুমেন্টের মূল (root) এলিমেন্ট।
`:not(selector)`	`p:not(.active)`	`p:not(.active) { opacity: .5; }`	নির্দিষ্ট সিলেক্টর বাদে বাকি সব টার্গেট করে।
`:has(selector)`	`article:has(img)`	`article:has(img) { display: grid; }`	ভেতরে নির্দিষ্ট চাইল্ড থাকলে প্যারেন্টকে টার্গেট করে।

সিলেক্টর	সিনট্যাক্স	উদাহরণ	বর্ণনা
`:is(sel, sel)`	`:is(h1,h2,h3)`	`:is(h1,h2,h3){ font-weight:600; }`	গ্রুপিং করে স্পেস রিলিফ, এতে specificity বাড়ে না।
`:where(sel)`	`:where(section)`	`:where(section){ margin-block:2rem; }`	নানাভাবে গ্রুপিং, specificity ০।
`::before`	`a::before`	`a::before { content: "▶"; }`	এলিমেন্টের কন্টেন্টের আগে কাস্টম কন্টেন্ট যোগ করে।
`::after`	`a::after`	`a::after { content: "↗"; }`	এলিমেন্টের কন্টেন্টের পরে কাস্টম কন্টেন্ট যোগ করে।
`::first-line`	`p::first-line`	`p::first-line { text-transform:uppercase; }`	টেক্সটের প্রথম লাইনের জন্য স্পেশাল স্টাইল।
`::first-letter`	`p::first-letter`	`p::first-letter { font-size:2rem; }`	টেক্সটের প্রথম অক্ষর বড় অথবা আলাদা স্টাইল।

🔷 Pseudo-class উদাহরণ:

```
/* :active */
/* যখন লিঙ্কে ক্লিক করে ধরে রাখা হয়, তখন এই স্টাইল প্রয়োগ হয় */
a:active {
  background-color: yellow;
}

/* :hover */
/* যখন মাউস নিয়ে যায়, তখন ব্যাকগ্রাউন্ড পরিবর্তন হয় */
button:hover {
  background-color: green;
}

/* :focus */
/* ইনপুট ফিল্ডে ক্লিক করলে বা টাইপ করতে গেলে স্টাইল প্রয়োগ হয় */
input:focus {
  border-color: blue;
}

/* :visited */
/* ব্যবহারকারী আগে ভিজিট করা লিঙ্কের রঙ পরিবর্তন করা যায় */
```

```css
a:visited {
  color: purple;
}

/* :first-child */
/* একটি এলিমেন্টের প্রথম চাইল্ড হলে স্টাইল প্রয়োগ হয় */
p:first-child {
  font-weight: bold;
}

/* :last-child */
/* একটি এলিমেন্টের শেষ চাইল্ড হলে স্টাইল প্রয়োগ হয় */
p:last-child {
  font-style: italic;
}

/* :nth-child */
/* নির্দিষ্ট সংখ্যার অবস্থানে থাকা এলিমেন্টকে স্টাইল করা হয় */
li:nth-child(2) {
  color: red;
}

/* :nth-last-child */
/* শেষে দিক থেকে গণনা করে নির্দিষ্ট অবস্থানের চাইল্ড */
li:nth-last-child(1) {
  background-color: lightgray;
}

/* :first-of-type */
/* একই টাইপের প্রথম এলিমেন্টে প্রয়োগ হয় */
p:first-of-type {
  color: orange;
}

/* :last-of-type */
/* একই টাইপের শেষ এলিমেন্টে প্রয়োগ হয় */
p:last-of-type {
  color: brown;
}

/* :only-child */
/* যখন একটি এলিমেন্ট তার প্যারেন্টের একমাত্র চাইল্ড হয় */
div:only-child {
  padding: 10px;
}

/* :checked */
/* চেক করা বক্স বা রেডিও বাটনে প্রয়োগ হয় */
input:checked {
  outline: 2px solid red;
}

/* :disabled */
```

```css
/* নিষ্ক্রিয় ইনপুট ফিল্ডে প্রয়োগ হয় */
input:disabled {
  background-color: #eee;
}

/* :required */
/* যেসব ইনপুট ফিল্ড বাধ্যতামূলক */
input:required {
  border: 2px solid green;
}

/* :optional */
/* ঐচ্ছিক ইনপুট ফিল্ডে প্রয়োগ হয় */
input:optional {
  border: 1px dashed blue;
}

/* :read-only */
/* যেখানে ইউজার লিখতে পারে না এমন ইনপুট ফিল্ডে প্রয়োগ হয় */
input:read-only {
  background-color: #f5f5f5;
}

/* :target */
/* URL এ #section থাকলে সেই এলিমেন্টে স্টাইল প্রয়োগ হয় */
#section:target {
  border: 3px solid blue;
}

/* :empty */
/* যেসব এলিমেন্ট একদম ফাঁকা থাকে */
div:empty {
  display: none;
}

/* :not */
/* যেসব এলিমেন্ট নির্দিষ্ট selector না */
p:not(.active) {
  opacity: 0.5;
}

/* :has */
/* যেসব এলিমেন্টের ভিতরে নির্দিষ্ট কিছু আছে */
div:has(img) {
  border: 2px dashed red;
}
```

ক্যালকুলেশন উদাহরণ

`.nav a:hover` → 10 (class) + 1 (element) + 10 (pseudo-class) = **21**
`#footer p::first-line` → 100 (ID) + 1 (element) + 1 (pseudo-element) = **102**

টাই-ব্রেকার

- যদি একই স্পেসিফিসিটি স্কোর হয়, **পরে** লোড হওয়া স্টাইল জিতবে।

⚔️ **Specificity War Tip**
`:where()` এর 0-ওজন গ্রুপ সিলেক্টর ব্যবহার করে, কাস্টম প্রপার্টির মাধ্যমে থিম সুইচ করতে পারো – স্পেসিফিসিটি ওয়্যার এড়াতে!

📌 ইম্পর্টেন্ট পয়েন্ট

- সর্বদা ID এর বদলে **ক্লাস** ব্যবহার করার চেষ্টা করুন।
- স্পেসিফিসিটি বুঝতে সমস্যা হলে ওয়েব টুল ব্যবহার করুন (Specificity Calculator)।

📝 প্র্যাকটিস টাস্ক

1. নিচের HTML স্ট্রাকচার ব্যবহার করে সিলেক্টর প্র্যাকটিস করুন:

```
<div class="container">
    <h1 id="title">মূল শিরোনাম</h1>
    <p class="text">প্রথম প্যারাগ্রাফ</p>
    <p class="text highlight">দ্বিতীয় প্যারাগ্রাফ</p>
    <ul>
        <li>প্রথম আইটেম</li>
        <li>দ্বিতীয় আইটেম</li>
        <li>তৃতীয় আইটেম</li>
    </ul>
</div>
```

2. উপরের HTML এ নিম্নলিখিত স্টাইল প্রয়োগ করুন:
    - সব টেক্সট এলিমেন্টের কালার সেট করুন
    - হাইলাইট ক্লাসের ব্যাকগ্রাউন্ড কালার সেট করুন
    - লিস্টের বিজোড় আইটেমগুলোর স্টাইল করুন
    - হভার ইফেক্ট যোগ করুন

🤔 MCQ কুইজ

1. স্পেসিফিসিটিতে আইডি সিলেক্টরের মান কত?

    - a) 1

- b) 10
- c) 100
- d) 1000

2. কোন সিলেক্টর সব এলিমেন্টকে সিলেক্ট করে?

- a) #
- b) .
- c) *
- d) >

3. p > span এর অর্থ কি?

- a) p এর সব span
- b) p এর ডাইরেক্ট চাইল্ড span
- c) p এর পরের span
- d) p এর আগের span

4. :nth-child(even) কি সিলেক্ট করে?

- a) প্রথম এলিমেন্ট
- b) শেষ এলিমেন্ট
- c) জোড় নাম্বার এলিমেন্ট
- d) বিজোড় নাম্বার এলিমেন্ট

5. ::before এবং ::after এ content প্রপার্টি:

- a) অপশনাল
- b) রিকোয়ার্ড
- c) ডিপ্রিকেটেড
- d) ইগনোর করা হয়

6. div + p কি সিলেক্ট করে?

- a) div এর সব p
- b) div এর পরের p
- c) div এর আগের p
- d) div এর ভিতরের p

7. [type="text"] কি ধরনের সিলেক্টর?

- a) ক্লাস সিলেক্টর
- b) আইডি সিলেক্টর
- c) অ্যাট্রিবিউট সিলেক্টর

- d) এলিমেন্ট সিলেক্টর

8. :hover স্যুডো-ক্লাস কখন কাজ করে?
   - a) এলিমেন্ট সিলেক্ট করলে
   - b) এলিমেন্ট ক্লিক করলে
   - c) মাউস এলিমেন্টের উপর নিলে
   - d) এলিমেন্ট ফোকাস করলে
9. স্পেসিফিসিটিতে ক্লাস সিলেক্টরের মান কত?
   - a) 1
   - b) 10
   - c) 100
   - d) 1000
10. !important এর ব্যবহার:
    - a) সর্বদা করা উচিত
    - b) কখনোই করা উচিত নয়
    - c) শুধু প্রয়োজনে করা উচিত
    - d) শুধু ডেভেলপমেন্টে করা উচিত

📚 হোমওয়ার্ক

1. একটি ন্যাভিগেশন মেনু তৈরি করুন:
   - মেনু আইটেম হোভার ইফেক্ট
   - অ্যাক্টিভ স্টেট স্টাইলিং
   - সাব-মেনু আইটেম
   - মোবাইল রেসপনসিভ
2. একটি ফর্ম তৈরি করুন যেখানে বিভিন্ন স্টেট স্টাইলিং থাকবে:
   - ইনপুট ফোকাস স্টেট
   - ভ্যালিড/ইনভ্যালিড স্টেট
   - চেকবক্স/রেডিও বাটন কাস্টম স্টাইল
   - প্লেসহোল্ডার স্টাইলিং
3. আপনার কোড গিটহাবে আপলোড করুন

📖 অধ্যায় ৪: CSS বক্স মডেল (The CSS Box Model)

ওয়েব পেজের প্রতিটি এলিমেন্টকে একটি আয়তাকার বাক্স হিসেবে ধরা হয়, যার চারপাশে বিভিন্ন ধরণের স্পেস ও সীমা থাকতে পারে। CSS এর অত্যন্ত গুরুত্বপূর্ণ ধারণা হল Box Model. এটি বোঝায় প্রতিটি HTML উপাদান (যেমন একটি < div >, < p >, ইত্যাদি)আসলে একটি বাক্স যা চারটি স্তর নিয়ে গঠিত:

- Content (বিষয়বস্তু) – টেক্সট বা ছবি বা যা আছে এলিমেন্টের ভিতরে।
- Padding (অভ্যন্তরীণ মার্জিন) – বিষয়বস্তুর চারপাশের ফাঁকা জায়গা, যা ব্যাকগ্রাউন্ডের রঙ ধারণ করে।
- Border (সীমারেখা) – প্যাডিং-এর বাইরে ঘিরে থাকা সীমানা, যা আউটলাইনের মতো চারপাশে থাকে।
- Margin (বহিঃস্থ মার্জিন) – বর্ডারের বাইরের ফাঁকা স্থান, যা পরবর্তী অন্যান্য এলিমেন্ট থেকে দূরত্ব বজায় রাখতে সহায়ক।

এ অধ্যায়ে আমরা শিখবো কিভাবে margin, padding, border প্রপার্টি ব্যবহার করে element এর চারপাশের spacing ও বর্ডার নিয়ন্ত্রণ করতে হয়। এছাড়াও width, height, এবং CSS box-sizing প্রপার্টি সম্পর্কেও আলোচনা করবো।

📊 বক্স মডেল প্রপার্টি

📦 সম্পূর্ণ বক্স-মডেল প্রপার্টি টেবিল

প্রপার্টি	সম্ভাব্য ভ্যালু	বর্ণনা
`margin`	`<length>`, `<percentage>`, `auto`	এলিমেন্টের বাইরের ফাঁকা জায়গা; `auto` দিলে ব্লক অনুভূমিক সেন্টারে আসে।
`margin-top`	`<length>`, `<percentage>`, `auto`	উপরের মার্জিন সেট করে।
`margin-right`	`<length>`, `<percentage>`, `auto`	ডান দিকে স্পেস কন্ট্রোল করে।
`margin-bottom`	`<length>`, `<percentage>`, `auto`	নীচের মার্জিন সেট করে।
`margin-left`	`<length>`, `<percentage>`, `auto`	বাম দিকে ফাঁক নির্ধারণ করে।
`padding`	`<length>`, `<percentage>`	কনটেন্ট ও বর্ডারের ভেতরের ফাঁকা জায়গা; `%` হলে প্যারেন্টের প্রস্থের সাথে স্কেল করে।
`padding-top`	`<length>`, `<percentage>`	উপরের প্যাডিং কণ্ঠে ফাঁক তৈরি করে।
`padding-right`	`<length>`, `<percentage>`	ডানপাশের প্যাডিং নির্ধারণ করে।
`padding-bottom`	`<length>`, `<percentage>`	নিচের প্যাডিং কনটেন্ট থেকে দূরত্ব বাড়ায়।
`padding-left`	`<length>`, `<percentage>`	বামপাশে কনটেন্টের পাশে ফাঁক তৈরি করে।

প্রপার্টি	সম্ভাব্য ভ্যালু	বর্ণনা
`border-width`	`<length>`, `thin`, `medium`, `thick`	বর্ডারের পুরুত্ব সেট করে; `0` দিলে বর্ডার অদৃশ্য হয়।
`border-style`	`none`, `solid`, `dashed`, `dotted`, `double`, `groove`, `ridge`, `inset`, `outset`	বর্ডারের ধরন নির্ধারণ করে।
`border-color`	`<color>`	বর্ডারের রঙ নির্ধারণ করে।
`border`	`width style color`	এক লাইনে বর্ডার-পুরুত্ব, স্টাইল ও রঙ সব সেট করে।
`border-radius`	`<length>`, `<percentage>`	এলিমেন্টের কোনগুলোকে ডিম-rounded করে; `50%` গেলে বৃত্ত হয় (square এ)।
`outline`	`width style color`	ফ্লো-নিরপেক্ষ আউটলাইন যোগ করে; ফোকাস ইউআইতে কাজে লাগে।
`outline-offset`	`<length>`	আউটলাইন বর্ডারের বাইরে কত দূরে থাকবে তা নির্ধারণ করে।
`box-sizing`	`content-box`, `border-box`	width/height গণনায় padding ও border কবে যোগ হবে তা ঠিক করে; `border-box` এ সব মিলে গণনা হয়।
`width`	`<length>`, `<percentage>`, `min-content`, `max-content`, `fit-content`, `auto`	এলিমেন্টের প্রস্থ সেট করে; flex এ `flex:0 0 X` এর মতো ভ্যালুও চলে।
`height`	`<length>`, `<percentage>`, `auto`	এলিমেন্টের উচ্চতা নির্ধারণ করে; `auto` হলে কনটেন্ট অনুযায়ী বাড়ে।
`min-width`	`<length>`, `<percentage>`	সর্বনিম্ন প্রস্থ সীমা নির্ধারণ করে।
`min-height`	`<length>`, `<percentage>`	সর্বনিম্ন উচ্চতা সীমা নির্ধারণ করে।
`max-width`	`<length>`, `<percentage>`	সর্বোচ্চ প্রস্থ সীমা নির্ধারণ করে।
`max-height`	`<length>`, `<percentage>`	সর্বোচ্চ উচ্চতা সীমা নির্ধারণ করে।
`overflow`	`visible`, `hidden`, `scroll`, `auto`, `clip`	অতিরিক্ত কন্টেন্ট দেখানোর নিয়ন্ত্রণ; `hidden/clip` কেটে ফেলবে, `scroll` স্ক্রলবার দেখাবে, `auto` প্রয়োজনমতো।
`overflow-x` / `overflow-y`	একই `overflow` ভ্যালু	নির্দিষ্ট এক্স (horizontal) বা ওয়াই (vertical) দিকের অতিরিক্ত কন্টেন্টের আচরণ কন্ট্রোল করে।

প্রপার্টি	সম্ভাব্য ভ্যালু	বর্ণনা
`box-shadow`	`none` , `<offset-x> <offset-y> <blur> <spread> <color>` , `inset`	এলিমেন্টের চারিপাশে ছায়া ফেলে; কার্ড-ডেপথ বা UI হাইলাইটে কাজে লাগে।
`box-decoration-break`	`slice` , `clone`	মাল্টি-লাইন ইনলাইন-বক্সে বর্ডার ও রেডিয়াস কিভাবে ব্রেক হবে তা নির্ধারণ করে।
`aspect-ratio`	`<ratio>` , `auto`	width/height অনুপাত লক করে; ইমেজ বা ভিডিও প্লেসহোল্ডারে কাজে লাগে।

🩺 বক্স-মডেল অ্যানাটমি



- **Content**: টেক্সট/ইমেজ—তোমার রিয়েল ডাটা
- **Padding**: কনটেন্ট আর বর্ডারের মাঝে একটু “ব্রিদিং রুম”
- **Border**: দৃশ্যমান “প্রতিরক্ষা-দেয়াল”
- **Margin**: প্রতিবেশীর সাথে সোশ্যাল ডিস্টেন্স

💡 **Debug Hack:**

```
* { outline: 1px solid red; }
```

calc() ফাংশন সহ height, width এবং padding এর উদাহরণ:

```
.box {
  width: calc(100% - 40px); /* প্যারেন্ট থেকে 40px বিয়োগ করে প্রস্থ নির্ধারণ */
  height: calc(50vh - 100px); /* ভিউপোর্ট হাইট থেকে নির্দিষ্ট মান বিয়োগ করে উচ্চতা নির্ধারণ */
  padding: calc(10px + 1em); /* ফিক্সড এবং রেসপনসিভ ইউনিট একসাথে মিশিয়ে প্যাডিং */
  border: 2px solid black;
  margin: 20px;
  box-sizing: border-box;
}
```

🔎 ব্যাখ্যা:

- calc() ফাংশনের মাধ্যমে আমরা dynamic মান নির্ধারণ করতে পারি।
- এটি বিভিন্ন unit (px, %, em, vh) একসাথে হিসাব করতে পারে।
- এই ফাংশন রেসপনসিভ ডিজাইনে অনেক কার্যকরী।

```
.box {
  width: 300px;
  height: 150px;
  padding: 20px;
  border: 2px solid black;
  margin: 15px;
  box-sizing: border-box;
}
```

🎯 বক্স সাইজিং

```
/* ডিফল্ট বক্স সাইজিং */
.content-box {
    box-sizing: content-box;
    width: 200px;
    padding: 20px;
    border: 5px solid #000;
    /* মোট width = 200px + (20px × 2) + (5px × 2) = 250px */
}

/* বর্ডার বক্স */
.border-box {
    box-sizing: border-box;
    width: 200px;
    padding: 20px;
    border: 5px solid #000;
    /* মোট width = 200px (padding এবং border সহ) */
}
```

📏 মার্জিন এবং প্যাডিং শর্টহ্যান্ড

```css
/* চার দিকে সমান */
margin: 10px;
padding: 10px;

/* উপর-নিচ | ডান-বাম */
margin: 10px 20px;
padding: 10px 20px;

/* উপর | ডান-বাম | নিচে */
margin: 10px 20px 15px;
padding: 10px 20px 15px;

/* উপর | ডান | নিচে | বাম */
margin: 10px 20px 15px 25px;
padding: 10px 20px 15px 25px;
```

🎨 বর্ডার স্টাইল

```css
/* বর্ডার শর্টহ্যান্ড */
border: 1px solid #000;

/* আলাদা আলাদা প্রপার্টি */
border-width: 1px;
border-style: solid;
border-color: #000;

/* স্পেসিফিক সাইড */
border-top: 1px solid #000;
border-right: 2px dashed #333;
border-bottom: 3px dotted #666;
border-left: 4px double #999;
```

🌟 বর্ডার স্টাইল টাইপ

স্টাইল	উদাহরণ
solid	———
dashed	----
dotted	....
double	═══
groove	3D গ্রুভ
ridge	3D রিজ

স্টাইল	উদাহরণ
inset	3D ইনসেট
outset	3D আউটসেট

🎨 বর্ডার রেডিয়াস

```
/* সব কর্নারে সমান */
border-radius: 10px;

/* আলাদা আলাদা কর্নার */
border-radius: 10px 20px 30px 40px;

/* বৃত্তাকার */
border-radius: 50%;
```

💡 নেগেটিভ মার্জিন

```
/* এলিমেন্টকে উপরে তুলে */
.element {
    margin-top: -20px;
}

/* এলিমেন্টকে বামে সরিয়ে */
.element {
    margin-left: -20px;
}
```

📌 ইম্পর্টেন্ট পয়েন্ট

- স্পেসিং সঠিকভাবে নির্ধারণ করতে প্যাডিং ও মার্জিন বুঝতে হবে।
- border-box ব্যবহার করলে সহজে বক্স সাইজ নিয়ন্ত্রণ করা যায়।

📝 প্র্যাকটিস টাস্ক

1. একটি কার্ড কম্পোনেন্ট তৈরি করুন:

```
<div class="card">
    <img src="image.jpg" alt="Card Image">
    <h3>কার্ড টাইটেল</h3>
    <p>কার্ড ডেসক্রিপশন টেক্সট</p>
    <button>আরও দেখুন</button>
</div>
```

2. কার্ডে নিম্নলিখিত স্টাইল প্রয়োগ করুন:
    - ফিক্সড width এবং height
    - প্যাডিং এবং মার্জিন
    - বর্ডার এবং বর্ডার রেডিয়াস
    - শ্যাডোইফেক্ট
    - হোভার ইফেক্ট

🤔 MCQ কুইজ

1. box-sizing: border-box; এর কাজ কি?

    - a) শুধু কনটেন্ট সাইজ গণনা করে
    - b) padding এবং border সহ width গণনা করে
    - c) শুধু margin গণনা করে
    - d) কোনটিই না

2. margin: 10px 20px এর অর্থ কি?

    - a) সব দিকে 10px
    - b) উপরে-নিচে 10px, ডানে-বামে 20px
    - c) উপরে-নিচে 20px, ডানে-বামে 10px
    - d) শুধু উপরে 10px, নিচে 20px

3. border-radius: 50%; দিলে কি হয়?

    - a) বর্গাকার হয়
    - b) বৃত্তাকার হয়
    - c) ত্রিভুজাকার হয়
    - d) আয়তাকার হয়

4. কোন প্রপার্টি নেগেটিভ ভ্যালু নিতে পারে?

    - a) padding
    - b) margin
    - c) border
    - d) width

5. margin: auto; এর ব্যবহার কি?

    - a) এলিমেন্টকে ডানে নেয়
    - b) এলিমেন্টকে বামে নেয়
    - c) এলিমেন্টকে হরাইজন্টালি সেন্টার করে
    - d) এলিমেন্টকে ভার্টিকালি সেন্টার করে

6. border শর্টহ্যান্ডে কয়টি ভ্যালু থাকে?
    - a) 2
    - b) 3
    - c) 4
    - d) 5
7. margin collapse কি?
    - a) মার্জিন যোগ হওয়া
    - b) বড় মার্জিন জিতে যাওয়া
    - c) মার্জিন বিয়োগ হওয়া
    - d) মার্জিন গুণ হওয়া
8. width: 100%; এর অর্থ কি?
    - a) 100 পিক্সেল
    - b) প্যারেন্ট এর সম্পূর্ণ প্রস্থ
    - c) ভিউপোর্ট এর সম্পূর্ণ প্রস্থ
    - d) 100 ইউনিট
9. inline এলিমেন্টে কোনটি কাজ করে না?
    - a) padding
    - b) margin-left
    - c) margin-top
    - d) border
10. box-shadow এর কতটি ভ্যালু থাকতে পারে?
    - a) 2
    - b) 3
    - c) 4
    - d) 2 থেকে 6

📚 হোমওয়ার্ক

1. একটি প্রোডাক্ট গ্রিড লেআউট তৈরি করুন:
    - প্রতিটি প্রোডাক্ট কার্ডে ইমেজ থাকবে
    - প্রোডাক্ট টাইটেল, প্রাইস, এবং বাটন থাকবে
    - কার্ডে শ্যাডো এবং হোভার ইফেক্ট থাকবে
    - রেসপন্সিভ গ্রিড লেআউট

2. একটি কনটেন্ট সেকশন তৈরি করুন:
    - ফিক্সড width কনটেইনার
    - প্যাডিং এবং মার্জিন ব্যবহার
    - বর্ডার এবং বর্ডার রেডিয়াস
    - নেস্টেড এলিমেন্টের স্পেসিং
3. আপনার কোড গিটহাবে আপলোড করুন

📖 অধ্যায় ৫: লেআউট ফান্ডামেন্টালস: ডিসপ্লে এবং ফ্লোট (Layout Fundamentals: Display and Floats)

CSS-এ লেআউট কন্ট্রোলের জন্য কিছু গুরুত্বপূর্ণ প্রপার্টি হলো display, float এবং position (পরবর্তী অধ্যায়ে আলোচনা করা হবে)। display দিয়ে ঠিক করা হয় কোন উপাদান ব্লক স্তরের হবে না inline, float দিয়ে উপাদানকে সাধারণ প্রবাহ থেকে আলাদা করে বাঁ বা ডানদিকে অবস্থান করানো হয়, এবং clear দিয়ে float ক্লিয়ার করা হয়। এছাড়া visibility দিয়ে উপাদান লুকানো যায় (জায়গা রেখে) এবং vertical-align ইনলাইন উপাদানের উল্লম্ব সারিবদ্ধতা নিয়ন্ত্রণ করে। নিচে উদাহরণসহ এদের ব্যবহার দেখা যাক।

📊 লে-আউট ফান্ডামেন্টালস: Display & Floats

প্রপার্টি	Core Values / Units	বর্ণনা	Quick Tips
`display`	`none`, `block`, `inline`, `inline-block`, `flex`, `inline-flex`, `grid`, `inline-grid`, `table`, `table-row`, `table-cell`, `list-item`, `flow-root`, `contents`, `subgrid`, `ruby`, `inline ruby`	একটি এলিমেন্ট কীভাবে লেআউট ফ্লোতে হাজির হবে তা নির্ধারণ করে	`flow-root` দিয়ে সহজে BFC তৈরি করে, clearfix-হ্যাক ছাড়াই কাজ করে
`float`	`left`, `right`, `inline-start`, `inline-end`, `none`	এলিমেন্টকে ফ্লো থেকে তুলে ভাসমান অবস্থায় রাখে, চারপাশে টেক্সট ঘিরে যায়	ছবির পাশে টেক্সট-র‍্যাপ বা পুরনো 2-কলাম লেআউটে কাজে লাগবে
`clear`	`none`, `left`, `right`, `both`, `inline-start`, `inline-end`	পরবর্তী এলিমেন্টকে ফ্লোটেড উপাদানের নিচে নামিয়ে সাফ ফ্লো বজায় রাখে	ফুটারে `clear: both;` ব্যবহার করে ক্লাসিক clearfix প্রয়োগ করুন
`overflow`	`visible`, `hidden`, `auto`, `scroll`, `clip`	বক্স সীমা ছাড়িয়ে কন্টেন্ট কীভাবে দেখানো হবে তা নিয়ন্ত্রণ করে; BFC তৈরি করতে পারে	`overflow: auto` বা `hidden` = দ্রুত BFC = clearfix-এর সহজ বিকল্প

প্রপার্টি	Core Values / Units	বর্ণনা	Quick Tips
`vertical-align`	`baseline`, `top`, `middle`, `bottom`, `<length>`	ইনলাইন কিংবা টেবিল সেলে উপাদানগুলোকে উল্লম্বভাবে ঠিক অবস্থানে আনে	`inline-block` এ স্থায়ী লাইন-উলম্বতা পেতে প্রয়োগ করুন

> 💡 Block Formatting Context (BFC) Cheat-Sheet: `overflow:hidden|auto`, `float`, `display:inline-block` / `flow-root`, `position: absolute`, `contain: layout` —সবাই নতুন আলাদা ফ্লো গড়ে, মার্জিন-কলাপ্স আটকায়, ফ্লোট ক্লিয়ার করে।

🔍 Display এর মূল মন্ত্র

- **Block-level**: নতুন লাইনে শুরু করে, পুরো প্রস্থ জুড়ে বিস্তৃত হয়; শেষে স্বয়ংক্রিয় লাইন-ব্রেক।
- **Inline**: টেক্সটের সঙ্গে উড়তে থাকে—প্রস্থ ও উচ্চতা না দেখে, শুধু কন্টেন্টের জায়গাটা ঘিরে নেয়।
- **Inline-block**: ইনলাইনের মতো ফ্লো মেনে বসে, কিন্তু নিজস্ব প্রস্থ-উচ্চতা থাকতে পারে।
- **Flex & Grid**: আধুনিক এক-মাত্রিক (Flex) ও দুই-মাত্রিক (Grid) লেআউট ইঞ্জিন; ডিটেইলে পরে ডাইভ করব।
- **Flow-root**: নিজে একটা Block Formatting Context তৈরি করে, ভাসমান সন্তানদের উচ্চতা ধরার ট্রেন্ডি সমাধান।
- **Display Switch**: – মিডিয়া-কোয়েরিতে `display: block ↔ none` ধরে ন্যাভ টগ্‌ল হ্যাক।

📦 ব্লক লেভেল এলিমেন্ট

```css
div {
    display: block;
    width: 100%;
    height: 100px;
    margin: 10px 0;
}
```

📝 ইনলাইন এলিমেন্ট

```css
span {
    display: inline;
    /* width এবং height কাজ করবে না */
    padding: 0 10px;
}
```

🔄 ইনলাইন-ব্লক

```css
.inline-block {
    display: inline-block;
    width: 150px;
```

```
    height: 150px;
    margin: 10px;
}
```

🌊 ফ্লোট প্রপার্টি

ফ্লোট বেসিক

```
.float-left {
    float: left;
    width: 200px;
    margin-right: 15px;
}

.float-right {
    float: right;
    width: 200px;
    margin-left: 15px;
}
```

ক্লিয়ার ফিক্স

```
/* ক্লিয়ার ফিক্স */
.clearfix::after {
    content: "";
    clear: both;
    display: table;
}
```

📌 `display: block` এর ধর্ম

✅ ধর্ম (Behavior):

- একটি নতুন লাইনে শুরু হয়।
- পুরো প্রস্থ (parent container যতটুকু চওড়া) দখল করে।
- `height`, `width`, `margin`, `padding` সবকিছু সহজে কাজ করে।

✅ Padding সম্পর্ক:

- যেকোনো দিকে `padding` দিলে, সেই দিকের স্পেস তৈরি হয়।
- যেমনঃ উপর, নিচ, ডান, বাম — সবদিকের `padding` কাজ করে পুরোপুরি।

✅ উদাহরণ:

```
<div style="display: block; padding: 20px; background: lightblue;">
  আমি block এলিমেন্ট
</div>
```

📌 `display: inline` এর ধর্ম

✅ ধর্ম (Behavior)

- লাইনের **মধ্যেই** বসে (line-এর অংশ)
- শুধুমাত্র **যতটুকু কনটেন্ট আছে**, ততটুকু জায়গা নেয়
- `height` ও `width` মানে পরিবর্তন আনা যায় না

✅ Padding সম্পর্ক

- উপর-নিচে `padding` ভিজুয়ালি দেখা গেলেও আসলে কাজ করে না
- ডান-বাম `padding` ঠিকভাবে কাজ করে

✅ উদাহরণ

```
